


ছক : বন বিভাগের নিয়ন্ত্রনাধীন গেজেটেড জু ও অন্যান্য বনভূমির বিবরণ


জেলার নাম : লক্ষ্মীপুর

ক্রঃ নং	বনভূমির ধরণ	বনভূমির পরিমাণ (একর)	বন বিভাগ কর্তৃক অন্যান্য সংস্থাকে হস্তান্তর/বরাদ্দ প্রদানকৃত বনভূমির পরিমাণ (একর)	বর্তমানে বন বিভাগের নিয়ন্ত্রনাধীন বনভূমির পরিমাণ (একর)	মন্তব্য
১	২	৩	৪	৫ (৩-৪)	৬
১	২০ ধারায় ঘোষিত সংরক্ষিত বনভূমি				
২	৬ ধারায় ঘোষিত কিন্তু এখনো ২০ ধারায় ঘোষিত হয়নি এরূপ বনভূমি				
৩	৪ ধারায় ঘোষিত কিন্তু এখনো ৬ ধারায় ঘোষিত হয়নি এরূপ বনভূমি	৫০,০০০.০	৩,০০০.০	৪৭,০০০.০	নদী গর্ভে বিলীন
৪	রক্ষিত বনভূমি				
৫	অর্জিত বনভূমি				
৬	অর্পিত বনভূমি				
৭	বন বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত অশ্রেণীভুক্ত বনভূমি				
৮	অন্য কোন ব্যক্তি/সংস্থা কর্তৃক বন অধিদপ্তরের নিকট হস্তান্তরিত বনভূমি				
৯	অন্যান্য বনভূমি				
	মোট :	৫০,০০০.০	৩,০০০.০	৪৭,০০০.০	



বিভাগীয় বন কর্মকর্তা

উপকূলীয় বন বিভাগ, নোয়াখালী।


২৫/০৫/২০২০

১৯২৭ সনের বন আইনের (১৯৯০ সনের ৮ নং আইন দ্বারা সংশোধিত) ১৭ নং ধারায় প্রদত্ত ক্ষমতার অনুরূপে সরকার আরও প্রদত্ত আদেশ নির্দেশের বিপক্ষে আপীল শুনানীর জন্য কমিশনার, ঝিনাইদহ বিভাগকে আপীল শুনানী কর্মকর্তা নিয়োগ করা হইল।

এই প্রজ্ঞাপন কৃষি, বন, মৎস্য ও পশু পালন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ১/ফর-৮৩-৭৫/৫৩৯ তারিখ ২৪-৩-৭৭ ইং মূলে দ্বারা বাংলাদেশ গেজেট পার্ট-১ তারিখ ৭-৪-৭৭ ইং প্রকাশিত হইয়াছে এর ধারাবাহিকতায় জারী করা হইল।

নং পবম(শা-৩)৭/৯৭/৮৩০—বংগোপসাগর, ইহার মোহনা এবং বড় নদীসমূহের সংযোগ স্থলে লক্ষ্মীপুর জেলার অধীন নতুন জাগিয়া উঠা নিম্নবর্ণিত তফসিলভুক্ত সরকারী খাস জমি, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩৪৪/১(৭)-৫-১৩৬/৭৬-এল, এস তারিখ ১০-৮-১৯৭৬ ইং মূলে জমির স্থায়ী, স্থিতিশীলতা কায়ম ও সংরক্ষণ এবং চাষোপযোগী করিয়া বনানী স্থিতির উদ্দেশ্যে কোন ওজর আপত্তি ব্যতীত ১০ (দশ) বৎসরের জন্য বন বিভাগের নিকট হস্তান্তর করা হয় এবং এই বিষয়ে ২৪-৩-৭৭ মূলে গেজেট বিজ্ঞপ্তি জারী করা হয়।

পরবর্তীতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের স্মারক নং শা-২/পবম-১৯২-৯০/৫৮৩(ক) তারিখ ১১-৯-৯০ ইং মূলে উপ-স্মারক বন্যজলে নতুন জাগিয়া উঠা বনায়নের উপযোগী চরভূমি ২০ (বিংশ) বৎসরের জন্য বন অধিদপ্তরের নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

এই নবগঠিত চরভূমি জনসাধারণের সকল প্রকার অধিকার ও স্বত্ব হইতে মুক্ত। নতুন জাগিয়া উঠা চরভূমির স্থায়ী ও স্থিতিশীলতা কায়ম ও দেশের সোট ভূমির আয়তন বৃদ্ধির প্রয়োজনে এই সকল নতুন জাগিয়া উঠা চরভূমিতে বাধাহীনভাবে প্রাচীনা সৃষ্টি কল্পে বনায়ন ও বন সংরক্ষণ বিষয়ক সকল প্রকার কার্যক্রম সচল করা।

১৯২৭ সনের বন আইন (১৯৯০ সনের ১৬ নং আইন) (১৯৯০ সনের ৮ নং আইন দ্বারা সংশোধিত) এর ৪ ধারায় (১) উপ-ধারার (ক) অনুচ্ছেদ মূলে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই সর্মে ধোষণা করিতেছেন যে, লক্ষ্মীপুর জেলার অধীন নিম্ন তফসিলভুক্ত ভূমিকে সংরক্ষিত বনভূমি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

সরকার আরও সিদ্ধান্ত নিয়াছেন যে, উক্ত আইনের ৪ ধারার (১) উপ-ধারার (গ) অনুচ্ছেদ অনুরূপে লক্ষ্মীপুর জেলার জরিপিত জেলা প্রশাসক (রাজস্ব)কে “ফরেস্ট সেটেলমেন্ট অফিসার” হিসাবে নিয়োগ করা হইল। তিনি উক্ত আইনের দ্বিতীয় অধ্যায় মোতাবেক নিম্ন তফসিলে বর্ণিত ভূমি/সম্পত্তির উপর কাহারও কোন স্বত্ব বা অধিকার আছে কিনা তদন্তের মাধ্যমে তাহার অস্তিত্ব, প্রকৃতি ও বিস্তৃতি নির্ধারণ করিবেন এবং নিষ্পত্তি করিবেন।

তফসিল

জেলা	ভূমির পরিমাণ (একরে)	ভূমির গীমারেখা	
		অক্ষাংশ	দ্রাঘিমাংশ
লক্ষীপুর	৫০,০০০.০ একর	২৩°০০' উত্তর ২২°১৫' উত্তর	৯০°৩৫' পূর্ব ৯১°১০' পূর্ব

১৯২৭ সনের বন আইনের (১৯৯০ সনের ৮ নং আইন দ্বারা সংশোধিত) ১৭ নং ধারায় প্রদত্ত ক্ষমতার অনুরূপে সরকার আরও সিদ্ধান্ত নিয়াছেন যে, “ফরেস্ট সেটেলমেন্ট অফিসার” কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশের বিপক্ষে আপীল শুনানীর জন্য কমিশনার, চট্টগ্রাম বিভাগকে আপীল শুনানী কর্মকর্তা নিয়োগ করা হইল।

এই প্রজ্ঞাপন কৃষি, বন, মৎস্য ও পশু পালন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ১/ফর-৮৩-৭৫/৫৩৯, তারিখ ২৪-৩-৭৭ ইং মূলে দ্বারা বাংলাদেশ গেজেট পার্ট-১ তারিখ ৭-৪-৭৭ ইং প্রকাশিত হইয়াছে এর ধারাবাহিকতায় জারী করা হইল।

নং পবম(শা-৩)৭/৯৭/৮৩১—বংগোপসাগর, ইহার মোহনা এবং বড় নদীসমূহের সংযোগ স্থলে ফেনী জেলার অধীন নতুন জাগিয়া উঠা নিম্নবর্ণিত তফসিলভুক্ত সরকারী খাস জমি, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩৪৪/১(৭)-৫-১৩৬/৭৬-এল, এস তারিখ ১০-৮-১৯৭৬ ইং মূলে জমির স্থায়ী, স্থিতিশীলতা কায়ম ও সংরক্ষণ এবং চাষোপযোগী করিয়া বনানী স্থিতির উদ্দেশ্যে কোন ওজর আপত্তি ব্যতীত ১০ (দশ) বৎসরের জন্য বন বিভাগের নিকট হস্তান্তর করা হয় এবং এই বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১/ফর-৮৩-৭৫/৫৩৯, তারিখ ২৪-৩-৭৭ ইং মূলে গেজেট বিজ্ঞপ্তি জারী করা হয়।

পরবর্তীতে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের স্মারক নং শা-২/পবম-১৯২-৯০/৫৮৩(ক) তারিখ ১১-৯-৯০ ইং মূলে উপ-স্মারক বন্যজলে নতুন জাগিয়া উঠা বনায়নের উপযোগী চরভূমি ২০ (বিংশ) বৎসরের জন্য বন অধিদপ্তরের নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।